

## সিঙ্গেল ফেজ-কার্ড মিটার পরিচিতি ও

### ব্যবহারবিধি

#### স্মার্ট কার্ড দ্বারা মিটার রিচার্জ করার পদ্ধতি

- ❖ ভেডিং স্টেশন থেকে আপনার রিচার্জকৃত স্মার্ট কার্ডটি মিটারে প্রবেশ করানোর পূর্বে আপনার মিটারের বর্তমান ব্যালেন্স চেক করে দেখুন ( এলসিডি ডিসপ্লেতে ডিফল্ট সেটিং এ অথবা মিটারের পুশ বাটন দু'বার চেপে )।
- ❖ রিচার্জকৃত স্মার্ট কার্ডটি আপনার মিটারের কার্ড স্লটে প্রবেশ করান। কার্ডটির প্রায় অর্ধেকাংশ কার্ড স্লটের অভ্যন্তরে প্রবেশ করবে। অতঃপর ২ মিনিট অপেক্ষা করুন। “বিপ” শব্দ হলে এবং মিটারের এলসিডি ডিসপ্লেতে প্রথমে “Card” এবং পরে “Good” প্রদর্শিত হলে বুঝতে হবে আপনার মিটারটি সঠিক ভাবে রিচার্জ হয়েছে।
- ❖ নতুন রিচার্জ ছাড়াই যদি গ্রাহকের স্মার্ট কার্ড মিটারে ইনসার্ট করা হয় তবে মিটারটি “Used” প্রদর্শন করবে।
- ❖ আপনার স্মার্ট কার্ডটি মিটার থেকে বের করার পূর্বে নতুন ব্যালেন্স চেক করে নিন।
- ❖ মিটারে রিচার্জ করার পর রিচার্জকৃত টাকা মিটারে ট্রান্সফার হবে এবং মিটার গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দিবে ( ইতপূর্বে বিচ্ছিন্ন হয়ে থাকলে )।
- ❖ মিটারের ব্যালেন্স ১০০ টাকার নিচে আসলে মিটার আপনা আপনি এলইডি লাইট ও অ্যালার্মের মাধ্যমে সতর্ক সংকেত দিবে।
- ❖ যে মিটারের জন্য কার্ড ইস্যু করা হয়েছে তা শুধুমাত্র সেই মিটারেই ব্যবহার করা যাবে। কার্ড দ্বারা মিটার রিচার্জ করতে না পারলে অযথা মিটারে কার্ড বার বার প্রবেশ না করিয়ে আপনার বিদ্যুৎ অফিসে যোগাযোগ করুন।




এলইডি নির্দেশিকা  
বাম থেকে পালস এলইডি  
রিলে-ট্রিপ এলইডি  
অ্যালার্ম এলইডি  
পাওয়ার এলইডি

এলসিডি ডিসপ্লে


কার্ড স্লট ও চ্যানেল বাটন

অপ্টিকাল কেবল পোর্ট

টার্মিনাল কাভার



#### বৈদ্যুতিক সংযোগ চিত্র



1. ব্যাটারির ভোল্টেজ
2. ডিসপ্লে কোড নাম্বার
3. সাপ্তাহিক দিনের নাম
4. একটিভ এনার্জি পরিমাপের একক
5. ট্যারিফ রেইট ইনডেক্স
6. অতিরিক্ত টাকার আইকন
7. প্রধান ডিসপ্লে
8. অ্যালার্ম সংকেত
9. কার্ড আইকন
10. রিলে চিহ্ন
11. বিপরীত দিকে বিদ্যুৎ প্রবাহ সংকেত

➤ কিছু গুরুত্বপূর্ণ ডিসপ্লে কোড নম্বর ও বিবরণ

চ্যানেল কোড	প্রদর্শিত তথ্য	চ্যানেল কোড	প্রদর্শিত তথ্য
02	অবশিষ্ট টাকা	34	গত মাসে রিচার্জকৃত টাকা
03	মোট ব্যবহৃত ইউনিট(kwh) পরিমাণ	35	Current পাওয়ার
04	চলতি মাসের ব্যবহৃত ইউনিট(kwh) পরিমাণ	54	নিউট্রাল লাইন পাওয়ার
05	গত মাসে মোট ব্যবহৃত ইউনিট(kwh) পরিমাণ	C1	ভোল্টেজ
07	বর্তমান ট্যারিফ	C2	ফেজ কারেন্ট (চ্যানেল-১)
2X	ট্যারিফ রেট ( X = 0 ~ 9 )	C3	নিউট্রাল কারেন্ট (চ্যানেল-২)
30	বর্তমান তারিখ	C4	ফেজ পাওয়ার (চ্যানেল-১)
31	বর্তমান সময়	C5	নিউট্রাল পাওয়ার (চ্যানেল-২)
33	চলতি মাসের রিচার্জকৃত টাকা	C9	রিলে ট্রিপ আউট সময়

➤ এলসিডি ডিসপ্লেতে প্রদর্শিত সাধারণ Error কোড

প্রদর্শিত কোড	বিবরণ
E02	রিলে সমস্যা
E03	মিটার কভার ওপেন
E04	ঘড়ির সমস্যা
E06	ব্যাটারি ভোল্টেজ কম
E10	টার্মিনাল কভার ওপেন
E12	টেম্পারিং
E14	অবশিষ্ট টাকা যথেষ্ট নয়
E17	অবশিষ্ট টাকার পরিমাণ ০ (শূন্য)



An Expert of Energy Metering & Energy Efficiency Management

